প্রভু যীশু খ্রীষ্ট খুব শীঘ্র ই এই পৃথিবীতে ফিরে আসছেন এটা ছিল প্রতিজ্ঞা, যেটা তিনি ২০০০ বছর আগে পৃথিবীতে থাকার সময় করে গিয়েছিলেন (যোহন ১৪:১-৩)। তিনি যে অবশ্যই ফিরে আসছেন তা আমরা কি করে বিশ্বাস করবো? এটা বোঝার জন্য প্রভু যীশু খ্রীষ্টের ভবিষ্যত বাণীগুলি পড়ুন, যে গুলিতে তিনি বলে গিয়েছিলেন যে, এটা শেষের সময়ের ঘটনা যা শাস্ত্র পুস্তকগুলি মনোযোগ সহকারে অধ্যয়ন করলে এবং বর্তমান ঘটনাগুলি তুলনা করলে বুঝতে পারবেন। ইহা প্রমাণিত হয় যে যীশু আমাদের জীবদ্দশাতেই নিশ্চয় ফিরে আসছেন:

## ১ ধর্মধামের ধ্বংস

প্রভু যীশু যখন ধর্মধাম হইতে বাহিরে যাচ্ছিলেন তখন, তাঁর শিষ্যরা ধর্মধামের গাঁথুনিগুলি দেখাইবার জন্য তাঁর নিকট আসিলেন, বাহিরে যাইবার সময় তাঁর শিষ্যগণের মধ্যে একজন তাঁহাকে বলিলেন, প্রভু দেখুন কেমন সুন্দর সুন্দর পাথরের সুন্দর গাঁথুনি। প্রভু বলিলেন, তুমি কি এই সব গাঁথুনি দেখিতেছ? ইহার একখানি পাথর আর একখানি পাথরের উপর থাকিবে না, সবই ভূমিসাৎ হইয়া যাইবে। (মথি ২৪: ১-২, মার্ক ১৩:১-২; লূক ২১:৫-৬)।

## ২ আগমনের দৃষ্টান্তগুলি

পরে যীশু জৈতুন পর্বতের উপরে বসিলেন। শিষ্যেরা, পিতর, যাকোব, যোহন ও আন্দ্রিয় একান্তে তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, প্রভু দয়া করেবলুন, এই সমস্ত ঘটনা কখন ঘটিবে এবং সেগুলির সম্মুখীন হইবার চিহ্নই বা কি? (মথি ২৪: ৩; লূক ২১:৭; মার্ক ১৩:৩-৪)।

## ৩ প্রতারকরা আসবে

প্রভু যীশু শিষ্যদের বলিলেন, সাবধান, দেখ কেউ যেন তোমাদের বোকা না বানায়, নিজেকে খ্রীষ্ট বলে দাবী করে অনেকে আসবে ও তোমাদের বিপথে নিয়ে যাওয়ার চেষ্টা করবে, তোমরা তাদের অনুসরণ করার চেষ্টা কর না (মথি ২৪:৪-৫; মার্ক ১৩:৫-৬; লূক ২১:৮)।৪।যু

## ৪ যুদ্ধ ও যুদ্ধের জনরব

যখন তোমরা যুদ্ধের জনরব এবং গণ্ডগোলের কথা শুনিবে তখন ত্রাসযুক্ত হইও না, মনে রাখিবে, ইহা শেষ নয়। প্রথমে এই সব ঘটিবে (মথি২৪:৬; মার্ক ১৩:৭; লূক ২১:৯)–

## ৫ জাতিগত যুদ্ধ, ভূমিকম্প, দুর্ভিক্ষ, মহামারী

জাতির বিরুদ্ধে জাতি, রাজ্যের বিরুদ্ধে রাজ্য লড়বে। পৃথিবীর বিভিন্ন স্থানে ভয়াবহ ভূমিকম্প, দুর্ভিক্ষ ও মহামারী দেখা দিবে, এবং মহাকাশে বিভিন্ন ভয়ঙ্কর দৃশ্য দেখতে পাবে। (মথি ২৪:৭; মার্ক ১৩:৮; লূক ২১:১০-১১)।

## ৬

এ সকলই হল যাতনার সূচনামাত্র (মথি ২৪:৮; মার্ক ১৩:৮)

## ৭ খ্রীষ্টানদের যন্ত্রণা

কিন্তু সাবধান, এই সকল ঘটনার পূর্বে লোকেরা তোমাদের উপর হস্তক্ষেপ করিবে, তোমাদিগকে তাড়না করিবে, সমাজ-গৃহে এবং কারাগারেসমর্পণ করিবে, আমার নামের নিমিত্ত তোমরা রাজাদের এবং শাসন কর্ত্তাদের সম্মুখে নীত হইবে, সাক্ষ্যের জন্য এই সকল তোমাদের প্রতি ঘটিবে। (মথি ২৪:৯; মার্ক ১৩:৯; লূক ২১:১২-১৩)।

## ৮

**কিন্তু লোকে যখন তোমাদিগকে সমর্পণ করিতে লইয়া যাইবে, তখন কি বলিবে, অগ্রে সে জন্য ভাবিত হইও না; বরং সেই দণ্ডে যে কথাতোমাদিগকে দেওয়া যাইবে, তাহাই বলিও; কারণ তোমরাই যে কথা বলিবে তাহা নয়, কিন্তু পবিত্র আত্মাই কথা বলিবেন, কেননা আমিতোমাদিগকে এমন মুখ এবং বিজ্ঞতা দিব যে তোমাদের বিপক্ষরা কেহ প্রতিরোধ করিতে কিংবা উত্তর দিতে পারিবে না। (মার্ক ১৩:১১; লূক ২১:১৪-১৫)।**

## ৯ পরিবারের মধ্যে প্রতারণা

তখন অনেকেই তোমাদের উপর অসন্তুষ্ট হইবে, কোন ভ্রাতা অপর ভ্রাতাকে, পিতা সন্তানকে, বন্ধু বন্ধুকে প্রতারণা করিবে, ও মৃত্যুতে সমর্পণ করিবে। সন্তানরা মাতা পিতার বিপক্ষে দাঁড়াইয়া তাহাদিগকে বধ করাইবে। আর আমার নাম প্রযুক্ত তোমরা সকলের ঘৃণিত হইবে; কিন্তু যে কেহ শেষ পর্য্যন্ত স্থির থাকিবে, সেই পরিত্রাণ পাইবে। আর তোমাদের একটিও চুল নষ্ট হইবে না। তোমরা নিজ নিজ ধৈর্য্যে আপন আপন প্রাণ লাভ করিবে (মথি ২৪:৯-১০; মার্ক ১৩:১২-১৩; লূক ২১:১৬-১৯)।

## ১০ প্রেম শীতল হইয়া যাইবে

অধর্মের বৃদ্ধি হওয়াতে অধিকাংশ লোকের প্রেম শীতল হইয়া যাইবে, কিন্তু শেষ পর্যন্ত যারা স্থির থাকিবে তারাই পরিত্রাণ পাইবে। (মথি ২৪:১২-১৩)

## ১১

সমগ্র জাতির কাছে সাক্ষ্য দেবার নিমিত্ত, রাজ্যের এই সুসমাচার সমুদয় জগতে প্রচার করা যাইবে, এবং তখন শেষ উপস্থিত হইবে। (মথি ২৪:১৪; মার্ক ১৩:১০)

## ১২ জেরুজালেমের চরম ধ্বংসের সময়

যখন তোমরা জেরুজালেম সৈন্য সামন্ত দ্বারা বেষ্টিত দেখিবে, তখন জানিবে যে তাহার ধ্বংস সন্নিকট (লূক ২১:২০)। অতএব যখন দেখিবে, ধ্বংসের যে ঘৃণার্হ বস্তুদানিয়েল ভাববাদি দ্বারা উক্ত হইয়াছে, তাহা পবিত্রস্থানে দাঁড়াইয়া আছে (যে জন পাঠ করে সে বুঝুক), তখন যাহারা যিহুদিয়াতে থাকে, তাহারা পাহাড় অঞ্চলে পলায়ন করুক ; যে কেহ ছাদের উপর থাকে সে তাহার গৃহ হইতে জিনিষ পত্র লইবার জন্য নীচে না নামুক; আর যে কেহ ক্ষেত্রে থাকে, সে আপন বস্ত্রলইবার নিমিত্ত পশ্চাত ফিরিয়া না আসুক (মথি ২৪:১৫-১৮; মার্ক ১৩: ১৪-১৬; লূক ১৭:৩১, ২১:২১) । হায়, সেই সময় গর্ব্ভবতী এবং ন্যদাত্রীদিগের সন্তাপ হইবে। আর প্রার্থনা কর তোমাদের পলায়ন শীতকালে কিংবা বিশ্রামবারে না ঘটে (মথি ২৪:১৯-২০; মার্ক ১৩: ১৭-১৮; লূক ২১:২৩)। লোকেরা খড়্গাধারে জাতির মধ্য হইতে নীত হইব; আর জাতিগণের সময় সম্পূর্ণ না হওয়া পর্যন্ত, জেরুজালেম জাতিগণের পদদলিত হইবে (লূক ২১:২৪)।

## ১৩ যাকোবের সঙ্কটকাল (যিরমিয় ৩০:৬-৭)

কেননা তৎকালে এইরূপ ক্লেশ উপস্থিত হইবে, যেরূপ ক্লেশ ঈশ্বরের কৃত সৃষ্টির আদি অবধি এ পর্যন্ত কখনও হয় নাই, কখনও হইবেও না, আর প্রভু যদি সেই দিনের সংখ্যা কমাইয়া না দিতেন, তবে কোনও প্রাণীই রক্ষা পাইত না। কিন্তু যাহাদিগকে তিনি মনোনীত করিয়াছেন, সেই মনোনীতদের জন্য তিনি সেই দিনের সংখ্যা কমাইয়া দিলেন। কেননা তখন প্রতিশোধের সময়, যে সমস্ত কথা লিখিত আছে, সে সমস্ত পূর্ণ হইবার সময় (মথি ২৪:২১-২২; মার্ক ১৩:১৯-২০; লূক ২১:২২) ।

## ১৪ ভাক্ত খ্রীষ্টরা এবং ভাক্ত ভাববাদীরা

তখন যদি কেহ তোমাদিগকে বলে, দেখ, সেই খ্রীষ্ট এখানে, কিংবা দেখ, ওখানে, তবে তোমরা বিশ্বাস করিও না, কেননা ভাক্ত খ্রীষ্টরা এবং ভাক্ত ভাববাদীরা উঠিবে, এবং নানা চিহ্ন ও অদ্ভুত লক্ষণ দেখাইবে, যেন, যদি হইতে পারে, তবে মনোনীতদিগকেও ভুলাইয়া দিবে। কিন্তু তোমরা সাবধান থাকিও। দেখ, আমি পূর্বেই তোমাদিগকে এ সকল জানাইলাম (মথি ২৪:২৩-২৪; মার্ক ১৩:২১-২৩), লোকেরা যদি তোমাদিগকে বলে, দেখ, তিনি অন্তরাগারে, তোমরা বিশ্বাস করিও না, কারণ বিদ্যুৎ যেমন পূর্ব দিক হইতে নির্গত হইয়া পশ্চিম দিক পর্যন্ত প্রকাশিত হয়, তেমনি মনুষ্যপুত্রের আগমন হইবে (মথি ২৪:২৬-২৭; লূক ১৭:২৩-২৪)।

## ১৫ আকাশে বিভিন্ন লক্ষণ

আর সেই সময় ক্লেশের পরেই সূর্যে, চন্দ্রে, এবং নক্ষত্রগণে নানা চিহ্ন প্রকাশ পাইবে। তখন সূর্য অন্ধকার হইবে, চন্দ্র জ্যোৎস্না দিবে না, আকাশ মণ্ডলের পরাক্রম সকল বিচলিত হইবে (মথি ২৪:২৯; মার্ক ১৩:২৪-২৫; লূক ২১:২৫)। পৃথিবীতে জাতিগণের ক্লেশ হইবে। তাহারা সমুদ্রের এবং তরঙ্গের গর্জনে উদ্বিগ্ন হইবে (লূক ২১: ২৫-২৬)।

## ১৬

তখন মনুষ্যপুত্রের চিহ্ন আকাশে দেখা যাইবে, আর তখন পৃথিবীর সমুদয় গোষ্ঠী বিলাপ করিবে এবং মনুষ্যপুত্রকে আকাশীয় মেঘরথে পরাক্রম এবং মহাপ্রতাপে আসিতে দেখিবে। আর তিনি মহা তূরীধ্বনি সহকারে আপন দূতগণকে প্রেরণ করিবেন। তাঁহারা আকাশের এক সীমাহইতে অপর সীমা অবধি চারি বায়ু হইতে তাঁহার মনোনীতদিগকে একত্র করিবেন (মথি ২৪:৩০-৩১; মার্ক ১৩: ২৬-২৭; লূক ২১:২৭)।

## ১৭

এ সকল ঘটনা আর হইলে, তোমরা উর্দ্ধে দৃষ্টি করিও, মাথা তুলিও, কেননা তোমাদের মুক্তি সন্নিকট (লূক ২১:২৮)।



১৮ প্রভু যীশু শিষ্যদিগকে একটি দৃষ্টান্ত কহিলেন, ডুমুর গাছ ও আর সকল গাছ দেখ, যখন সেগুলি পল্লবিত হয়, তখন তাহা দেখিয়া তোমরা আপনারাই বুঝিতে পার যে, এখন গ্রীষ্মকাল সন্নিকট। সেইরূপ তোমরাও যখন এই সকল ঘটিতেছে দেখিবে, তখন জানিবে ঈশ্বরের রাজ্য সন্নিকট (মথি ২৪:৩২-৩৩; মার্ক ১৩:২৮-২৯; লূক ২১: ২৯-৩১)। কিন্তু সেই দিনের ও সেই দণ্ডের তত্ত্ব কেউ জানে না, স্বর্গ দূতগণও জানে না, পুত্রও জানেন না। কেবল পিতা জানেন (মথি ২৪: ৩৬; মার্ক ১৩:৩২)।

১৯ বাস্তবিক নোহের সময় যেরূপ হইয়া ছিল, মনুষ্যপুত্রের আগমনও তদ্রুপ হইবে। কারণ জলপ্লাবনের সেই পূর্ব্ববর্ত্তী কাল, তাহাতো নোহের প্রবেশ দিন পর্যন্ত, লোকে যেমন ভোজন ও পান করিত, বিবাহ করিত এবং বিবাহিত হইত এবং বুঝিতে পারিল না, যাবৎ না বন্যা আসিয়া সকলকে ভাসাইয়া লইয়া গেল। তদ্রুপ মনুষ্যপুত্রের আগমন হইবে (মথি ২৪:৩৭-৩৯;লূক ১৭:২৬-২৭)।

২০ সেইরূপ লোটের সময় যেমন হইয়াছিল, লোকে ভোজন, পান, ক্রয়, বিক্রয়, বৃক্ষরোপণ ও গৃহনির্ম্মাণ করিত, কিন্তু যেদিন লোট সদোম হইতে বাহির হইলেন, সেই দিন আকাশ হইতে অগ্নি ও গন্ধক বর্ষিয়া সকলকে বিনষ্ট করিল। মনুষ্যপুত্র যেদিন প্রকাশিত হইবেন, সে দিনও সেইরূপ হইবে (লূক ১৭:২৮-৩০)।

২১ লোটের স্ত্রীকে স্মরণ করিও, যে কেহ আপন প্রাণ লাভ করিতে চেষ্টা করে, সে তাহা হারাইবে; আর যে কেহ প্রাণ হারায়, সে তাহা বাঁচাইবে (লূক ১৭:৩২-৩৩)।

২২ আমি তোমাদিগকে বলিতেছি, সেই রাত্রিতে দুইজন এক বিছানায় থাকিবে, তাহাদের এক জনকে লওয়া হইবে, এবং অন্য জনকে ছাড়িয়া যাওয়া হইবে, দুইটি স্ত্রীলোক একত্রে যাঁতা পিষিবে, তাহাদের এক জনকে লওযা হইবে ও অন্য জনকে ছাড়িয়া যাওয়া হইবে (মথি ২৪:৪০-৪১; লূক ১৭:৩৪-৩৫)। তখন তাহারা উর করিয়া তাঁহাকে বলিলেন, হে প্রভু, কোথায়? তিনি তাহাদিগকে কহিলেন, যেখানে শব, সেখানেই শকুন জুটিবে (লূক ১৭:৩৬-৩৭)।

টীকা:‘অতিরিক্তজানতেহলেএ্যানজেলটিভিদেখুন,
**www.angeltv.org**

Satellite : INTELSAT 17 (IS17)
Orbital Location : 66° East
Frequency Band: C
Downlink Frequency : 4015.0 MHz
Symbol Rate : 30000Msps
FEC : 3/4
Modulation : DVBS-2 8PSK
Polarization : Vertical
Format : MPEG-4 HD
Coverage Area : ASIA, MIDDLE EAST, EUROPE, AFRICA & AUSTRALIA

২৩ জাগিয়া থাকিও ও প্রার্থনা করিও। কোনও ব্যক্তি যখন আপন বাটী ছাড়িয়া বিদেশে গিয়া প্রবাস করিতেছেন, আর তিনি আপন দাসদিগকে ক্ষমতা দিয়াছেন এবং তিনি প্রত্যেকের কার্য নিরূপণ করিয়া দিয়াছেন, এবং দ্বার-রক্ষীকে জাগিয়া থাকিতে আদেশ দিয়াছেন। অতএব তোমরা জাগিয়া থাকিও, কেননা গৃহের কর্ত্তা কখন আসিবেন, কি সন্ধ্যাকাল, কি দুই প্রহর রাত্রিতে, কি মোরগ ডাকার সময়, কি প্রাতঃকাল, তোমরা তাহা জান না; তিনি হঠাৎ আসিয়া যেন তোমাদিগকে নিদ্রিত না দেখিতে পান (মার্ক ১৩:৩৪-৩৬)।

২৪ কিন্তু ইহা জানিও, চোর কোন্ প্রহরে আসিবে, তাহা যদি গৃহকর্ত্তা জানিত, তবে জাগিয়া থাকিত, নিজ গৃহে সিঁধ কাটিতে দিত না। এই জন্য তোমরাও প্রস্তুত থাক, কেননা যে দণ্ড তোমরা মনে করিবে না, সেই দণ্ডে মনুষ্যপুত্র আসিবেন (মথি ২৪:৪৩-৪৪)।

২৫ কিন্তু আপনাদের বিষয়ে সাবধান থাকিও, পাছে ভোগপীড়ায় ও মত্ততায় এবং জীবিকার চিন্তায় তোমাদের হৃদয় ভারগ্রস্ত হয়, আর সেই দিন হঠাৎ ফাঁদের ন্যায় তোমাদের উপরে আসিয়া পড়ে। সাবধান তোমরা জাগিয়া থাকিও প্রার্থনা করিও; কেননা সেই সময় কখন হইবে তাহা কেহ জানে না (মার্ক ১৩:৩৩; লূক ২১:৩৪)।

২৬ আমি তোমাদের সকলকে বলছি, তোমরা সর্ব সময় জাগিয়া থাকিও এবং প্রার্থনা করিও, যেন এই যে সকল ঘটনা ঘটিবে তাহা এড়াইতে এবং মনুষ্যপুত্রের সম্মুখে দাঁড়াইতে শক্তিমান হও (লূক ২১: ৩৬)।

২৭ আমি তোমাদিগকে সত্য কহিতেছি, এই কালের লোকদের লোপ হইবে না, যে পর্যন্ত না এ সমস্ত সিদ্ধ হয়। আকাশ ও পৃথিবীর লোপ হইবে, কিন্তু আমার বাক্যের লোপ কখনও হইবে না (মথি ২৪: ৩৪-৩৫; মার্ক ১৩:৩০-৩১; লূক ২১:৩২-৩৩)।

Local Contact address

প্রভু খুব নিকটে এসে গেছেন,
মন ফিরাও ও বিশ্বাস কর
নিশ্চয় প্রভু যীশু খীষ্ট পুনরায়
শীঘ ই আসছেন।
আপনি কি আপনার প্রভু যীশু খীষ্টের
সাথে মিলবার জন্য আছেন?

ঈশ্বরকে ভয় কর, ও তাঁহার
গৌরব প্রদান কর, কেননা তাঁহার বিচার
সময় উপ ; যিনি, পৃথিবী,
সমুদ্র ও জলের
উনুই সকল উৎপন্ন করিয়াছেন
তাঁহার ভজনা কর
(প্রকাশিত বাক্য ১৪:৭)।

# আব বিলম্ব হইবে না

মন ফিরিয়ে নিয়ে এসো এই সুসমাচারকে
বিশ্বাস কর। কেনর্নীয় রাজ্য নিকট
এসেগেছে।

আমাদের প্রভু যীশুর সঙ্গে মিলনের জন্য তৈরী হয়ে যাও।



# ঈশ্বরের রাজ্যের সুসমাচার

বাংলা | BANGLA